গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঢাকা
(বিচার শাখা)
www.dhaka.gov.bd

## মে ২০২৬ মাসে অনুষ্ঠিত "ঢাকা জেলার চোরাচালান মামলা মনিটরিং কমিটি" এর সভার কার্যবিবরণী

সভাপতি : মিজ্ ফরিদা খানম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
সভার তারিখ : ১৭ মে ২০২৬
সময় : বেলা ১১:৩০ ঘটিকা
সভার স্থান : জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা-এর সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতি : চোরাচালান মামলা মনিটরিং কমিটির সদস্যবৃন্দ

সভাপতি চোরাচালান মামলা মনিটরিং কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ: সভায় উপস্থাপিত গত মাসের চোরাচালান মামলা মনিটরিং সেলের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় সদস্যগণ কার্যবিবরণী সঠিক আছে মর্মে সভাকে অবহিত করেন। | গত মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২. | সভায় ঢাকা জেলার বিভিন্ন থানাধীন আবাসিক এলাকা, ব্যবসা প্রতিষ্ঠান, গুদাম, যানবাহন, বিভিন্ন চেক পয়েন্ট ইত্যাদিতে পরিচালিত অভিযানের মাধ্যমে সংগৃহীত নির্ধারিত তথ্য সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করা হয়। সভায় চোরাচালান এবং মাদক মামলা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | (২.১) তদন্তাধীন মামলাসমূহের প্রতিবেদন দ্রুত দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২.২)বিচারাধীন মামলাসমূহের সাক্ষীগণকে যথাসময়ে আদালতে হাজির করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। অফিসার ইনচার্জ (সকল) থানা, ঢাকা জেলা |
| ৩. | গত এপ্রিল ২০২৬ মাসে ১৩৮৮টি অভিযানে ৫৭২টি মামলা দায়ের করা হয় এবং ৫৩৫ জনকে গ্রেফতার করাসহ সর্বমোট ১৭,২৮,০০,৬৫৬/- (সতেরো কোটি আটাশ লক্ষ ছয়শত ছাপান্ন) টাকার মালামাল উদ্ধার করা হয়। | অনিস্পন্ন মামলার সংখ্যা অধীক হওয়ায় তা নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। বিজ্ঞ পিপি, ঢাকা জেলা<br>৩। কোর্ট ইন্সপেক্টর, সদর কোর্ট, ঢাকা<br>৪।অফিসার ইনচার্জ (সকল) থানা, ঢাকা জেলা |
| ৪. | ঢাকা জেলার এপ্রিল ২০২৬ মাসের থানাওয়ারী/পুলিশ চোরাচালান মামলা নিষ্পত্তির বিবরণী: ঢাকা জেলার এপ্রিল | ঢাকা জেলা ও উপজেলা চোরাচালান নিরোধ আঞ্চলিক | ১।মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২০২৬ মাসের থানাওয়ারী বিচারাধীন মোট চোরাচালান মামলার সংখ্যা ৭০টি, এর মধ্যে এ মাসে কোন মামলা নিষ্পত্তি হয়নি। চোরাচালান মামলা নিষ্পত্তির হার বাড়ানোর ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়। | টাস্কফোর্সের মাসিক বিবরণী সকল সংস্থা থেকে প্রতি মাসের পাঁচ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | ২। পুলিশ সুপার, ঢাকা।<br>৩।উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা।<br>৪।কোর্ট ইন্সপেক্টর,সদর কোর্ট, ঢাকা<br>৫।উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,ঢাকা,উপ-অঞ্চল,২৪,তোপখানা রোড, ঢাকা |
| ৫। | মে ২০২৬ মাসের ঢাকা জেলা ও উপজেলা চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্সের মাসিক বিবরণী: ঢাকা জেলা ও উপজেলা চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্সের মাসিক বিবরণী সকল সংস্থা থেকে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকল সংস্থাকে অনুরোধ করা হলো। | অভিযান আরও জোরদার করতে হবে। | ১। মহাপরিচালক,<br>শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।<br>২। পুলিশ সুপার, ঢাকা।<br>৩।উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা। |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১.০৫.২০২৬


ফরিদা খানম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
ফ্যাক্স : ০২-২২৩৩৯০৫৬২
ই-মেইল: dcdhaka@mopa.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১১.০৪.০৪২.২০- ১৬৮৪

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
২১ মে ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। অধিনায়ক, ৪৯ বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৬। পুলিশ সুপার, ঢাকা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই/দোহার/নবাবগঞ্জ, ঢাকা।
৮। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা উপঅঞ্চল, ১৭৪, ডিস্টিলারি রোড, গেন্ডারিয়া, ঢাকা-১২০৪।
৯। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চল, ১৭৪, ডিস্টিলারি রোড, গেন্ডারিয়া, ঢাকা
১০। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, ঢাকা জেলা/ঢাকা মহানগর

২১.০৫.২০২৬
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ঢাকা